গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১১.০৩৭.২০.৩৯৮

তারিখ : ২৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ পত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং স্মারকের আলোকে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীর জাতীয় বেতনস্কেল ২০১৫-এর বেতনক্রম এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী যাবতীয় ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে তার নামের পার্শ্বে বর্ণিত পদ ও স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো :

| ক্র: নং | প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ১. | নাম: জনাব এজামুল হক<br>পিতা: ইব্রাহিম প্রধান<br>মাতা: জোসনারা বেগম | গ্রাম: দলা<br>পো: শালখুরিয়া<br>উপজেলা: নবাবগঞ্জ<br>জেলা: দিনাজপুর | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০/- |

**শর্তাবলি:**

১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থ্যতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২) পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩) প্রার্থীকে "যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না" মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

৪) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তার চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।

৫) শিক্ষানবিশকালে তার আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাকে চাকরি হতে অপসারণ করা হবে।

৬) চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে।

৭) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর তার চাকরি স্থায়ী করা হবে।

৮) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে।

৯) বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে।

১০) নিয়োগকৃত প্রার্থীকে আগামী ১৬/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১১) শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তিনি চাকরি থেকে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২) এ চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০/০৪/2022

(মোঃ ফজলে এলাহী)
উপসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
ফোন: +৮৮-০২২২৩৩৫৪০৭৭
ই-মেইল: ds.sports@moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১১.০৩৭.২০.৩৯৮

তারিখ : ২৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা]।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনাব এজামুল হক
পিতা: ইব্রাহিম প্রধান
মাতা: জোসনারা বেগম
গ্রাম: দলা
পো: শালখুরিয়া
উপজেলা: নবাবগঞ্জ
জেলা: দিনাজপুর।

১০/০৪/২০২২

(মোঃ ফজলে এলাহী)
উপসচিব